উপজেলা পরিষদ

বালিয়াকান্দি, রাজবাড়ী

বালিয়াকান্দি উপজেলা পরিষদের জানুয়ারি/২০২৩ (৫০তম) মাসের সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব মোঃ আবুল কালাম আজাদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী

সভার তারিখ: ১৯ জানুয়ারি, ২০২৩, সময়: বেলা ১২.০০ ঘটিকা

সভার স্থান: উপজেলা পরিষদ সভা কক্ষ, বালিয়াকান্দি

সভায় উপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট "ক"

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট "খ"

সভার প্রারম্ভে সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ জনাব মোঃ আবুল কালাম আজাদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর উপজেলা নির্বাহী অফিসারকে এজেন্ডাভিত্তিক আলোচনা করার জন্য অনুরোধ করেন।

অত:পর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ী সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যক্রম শুরু করেন।

| নং | বিভাগ/দপ্তর | আলোচ্য বিষয়/ আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদ | <u>বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:</u><br>বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। | বিগত সভার কার্যবিবরণীতে আর কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | | <u>স্থানীয় সংসদ সদস্যের সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ:</u><br>মাননীয় সংসদ সদস্যের সুপারিশক্রমে উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন চলমান রয়েছে। | কার্যক্রম চলমান | সংশ্লিষ্ট কর্মকর্তা (সকল) |
| | | <u>নতুন পরিপত্র, বিধি ও সার্কুলার উপস্থাপন:</u><br>চলতি মাসে উপস্থাপনযোগ্য কোন নতুন পরিপত্র, বিধি ও সার্কুলার নাই। | | সংশ্লিষ্ট সংস্থা প্রধান |
| | | **রাজস্ব, উন্নয়ন তহবিল, এডিপি, উপজেলা পরিচালন ও উন্নয়ন <u>এবং হাট-বাজার ১৫% খাতে ব্যয়ের হিসাব:</u>**<br>**(ক) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়ের বিল সমন্বয়ের তালিকা: (ডিসে:/২২- জানু:/২৩):**<br>-উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২২ মাসের আপ্যায়ন বিল বাবদ-৩০,০০০/- টাকা<br>-উপজেলা পরিষদের নভে:/২০২২ মাসের ইন্টারনেট বিল পরিশোধ-৩,৪০০/- টাকা<br>- উপজেলা পরিষদের নভে:/২০২২ মাসের আনুষংগিক বিল পরিশোধ-৫,০০০/- টাকা<br>-উপজেলা হিসাবরক্ষণ অফিসের টয়লেটের টুকিটাকি মেরামত কাজ ও পানির ট্যাংকি পরিস্কার বিল-৬,৬০০/- টাকা<br>- উপজেলা পরিষদের ঘাস কাটা মেশিন এর তেল ও মবিল ক্রয়ের বিল- ২,০০০/- টাকা<br>-পাম্প চালানো বাবদ নভে:/২২ মাসের ভাতা প্রদান-৬,০০০/- টাকা<br>- উপজেলা পরিষদের জীপগাড়ীর অক্টো: হতে ডিসে:/২২ মাসের তেল, মবেল ও লুব্রিকেট ক্রয়ের বিল-৮৬,৩৮৯/- টাকা<br>উপজেলা পরিষদের সোলার মেরামত ও ব্যাটারি পরিবর্তন বিল-৪,৩০০/- টাকা<br>উপজেলা নির্বাহী অফিসের বাসভবনের চর্তুদিকে সিকুরিটি লাইট স্থাপন বিল-১৫,৮৭০/- টাকা<br>-জুলাই/২২-ডিসে:/২২ পর্যন্ত ০৬ মাসের টিএ বিল বাবদ ভাইস চেয়ারম্যানকে-২৮,৯৮০/- টাকা<br>-জুলাই/২২-ডিসে:/২২ পর্যন্ত ০৬ মাসের টিএ বিল বাবদ মহিলা ভাইস চেয়ারম্যানকে -২৮,৯৮০/- টাকা<br>- ভাইস চেয়ারম্যানের ডিসেম্বর/২০২২ মাসের সম্মানীভাতা পরিশোধ-২৭,০০০/-টাকা<br>-মহিলা ভাইস চেয়ারম্যানের ডিসেম্বর/২০২২ মাসের সম্মানীভাতা পরিশোধ -২৭,০০০/-টাকা<br>-মালীর ডিসে:/২২ মাসের মজুরী বাবদ- ১৪,৩০০/- টাকা<br>-পরিচ্ছন্নকর্মীর ডিসে:/২২ মাসের মজুরী বাবদ- ১৪,৩০০/- টাকা<br>-পাম্প চালানো বাবদ ডিসে:/২২ মাসের ভাতা প্রদান-৬,০০০/- টাকা<br>**(খ) উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে ব্যয়কৃত অর্থ সমন্বয়ের তালিকা (ডিসে:/২২):**<br>- চলতি মাসে কোন বিল পরিশোধ হয়নি<br>**(গ) উপজেলা পরিষদের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হতে <u>পরিশোধকৃত বিল সমন্বয়ের তালিকা</u> ( ডিসে:/২২-জানু:/২৩):**<br>- যুবক-যুবতীদের উদ্যোক্তা তৈরীর লক্ষ্যে কাপড়ে হ্যান্ড পেইন্টিং প্রশিক্ষণ বিল-১৬২,৭৩০/- টাকা<br>-উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সেন্ট্রাল অক্সিজেন সিস্টেম সরবরাহকরণ-১২,৬৬,৪৩৫/- টাকা<br>**(ঘ) উপজেলা পরিষদের এডিপি তহবিল হতে ব্যয়কৃত অর্থ সমন্বয়ের <u>তালিকা</u> ( ডিসে:/২২):**<br>- চলতি মাসে কোন বিল পরিশোধ হয়নি | | উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (ঙ) হাট-বাজার ইজারাকৃত আয়ের ১৫% হতে পরিশোধকৃত বিলসমূহ সমন্বয়ের তালিকা (ডিসে:/২২-জানু:/২৩):<br>- জংগল বাজারের মাছ বাজারের জলাবদ্ধতা নিরসনে মৎস্য শেডের ফ্লোর সংস্কার কাজের বিল উত্তোলন-৩৯,৮৭৩/- টাকা | | |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতেই উপজেলা পরিষদের সমন্বয় সভার সম্মানিত সকল সদস্যবৃন্দের সাথে পরিচিতির মাধ্যমে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে বক্তব্য উপস্থাপন করেন। প্রথমেই তিনি সকলের সার্বিক সহযোগিতা একান্তভাবে কামনা করেন। সেই সাথে বালিয়াকান্দি উপজেলার উন্নয়নের ধারাবাহিকতা অক্ষুন্ন রাখার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে এবং সকল বিভাগের সমন্বয়ে একটি পরিবারভুক্ত হয়ে কাজ করার প্রয়াস ব্যক্ত করেন। তিনি আরো জানান যে, সরকারি কাজে সহযোগিতা করার লক্ষ্যে বিশেষ কারণ ব্যতিরেখে সকলকে নিয়মিত সভায় উপস্থিত থাকার চেষ্টা করতে হবে।<br>২) তিনি আরো জানান যে, নিজ কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রমসহ বিভিন্ন দিবস উদযাপন, নিয়মিত সকল সভা এবং অন্যান্য পরিদর্শন/দর্শন কাজ যথারীতি চলমান রয়েছে। এ পর্যায়ে তিনি দপ্তরভিত্তিক পৃথক পৃথকভাবে বিস্তারিত আলোচনার মাধ্যমে প্রত্যেকটি বিভাগের অনুকুলে গত সভার গৃহীত সিদ্ধান্ত এবং বিভিন্ন সমস্যাদির উপর আলোকপাত করেন।<br>৩) এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বালিয়াকান্দি উপজেলায় ইউজিডিপি'র অর্থায়নে বিভিন্ন দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের মাধ্যমে বেশ কিছু যুব ও যুবতি উদ্দ্যোক্তা হওয়ার তাদের তৈরী পণ্য বাজারজাত করার লক্ষ্যে উপজেলা পরিষদের ডরমেটরির সামনে বাউন্ডারি ওয়ালের পাশে নারী উদ্যোক্তাদের সফলতা অর্জনের লক্ষ্যে মহিলা কর্ণার নির্মাণের কাজ চলমান রয়েছে। | ১।বিভাগওয়ারী গৃহীত সিদ্ধান্তসমূহ সঠিকভাবে বাস্তবায়নের জন্য সকল বিভাগের প্রধানকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি ডা: সজল কুমার সোম জানান যে, উপজেলা হাসপাতালের স্বাভাবিক কার্যক্রম ও সেবা সুষ্ঠু এবং সুচারুরূপে পরিচালিত হচ্ছে। রোগ নির্ণয় ও চিকিৎসাসেবার মাধ্যমে ডেঙ্গু রোগীদের চিকিৎসাসেবা প্রদান সফলভাবে পরিচালিত হচ্ছে এবং ডেঙ্গুর প্রকোপ মোকাবেলায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স অগ্রনী ভূমিকা পালন করে আসছে। যেহেতু এডিস মশার মাধ্যমে ডেঙ্গু রোগ ছড়ায়, তাই মশার বংশ বিস্তার রোধ, জলাবদ্ধতা দূরীকরণ, মশক নিধনসহ রোগ প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দৃষ্টি আকর্ষণ করেন। প্রসূতি মায়েদের আল্ট্রাসনোগ্রাম ও প্রয়োজনীয় চেকআপের মাধ্যমে চিকিৎসাসেবা প্রদান ও নরমাল ডেলিভারিতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ডায়ারিয়া রোগীদের চিকিৎসার জন্য ডায়ারিয়া কর্ণার রয়েছে। ডায়ারিয়া রোগীসহ সকল রোগীদের নিরাপদ পানি নিশ্চিত করার লক্ষ্যে সাবমারসিবল টিউবয়েল স্বাস্থ্য কমপ্লেক্সে স্থাপনের জন্য উপজেলা পরিষদের দৃষ্টি আকর্ষণ করছি। | ডেঙ্গু রোগের বাহক মশা নিধনের লক্ষ্যে মাননীয় সংসদ সদস্য, রাজবাড়ী-২ আসন মহোদয় কর্তৃক প্রদত্ত ০১(এক) লক্ষ টাকার অনুদান দিয়ে বিশেষ করে হাসপাতালসহ সকল ইউনিয়ন ও উপজেলা পরিষদ এলাকায় ঔষধ ছিটানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিঃপরিঃ কর্মকর্তা |
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | সদ্য যোগদানকৃত উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা(চ:দা:) জানান যে, প্রাণিসম্পদ বিভাগের গবাদিপশুসহ বিভিন্ন পশু ও প্রাণির চিকিৎসাসেবা এবং দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এ পর্যায়ে আরো জানান যে, বিভিন্ন সংক্রামক রোগের ভ্যাকসিন প্রক্রিয়া চলমান রয়েছে। তিনি জানান খামারীদের আধুনিক প্রযুক্তিতে গবাদিপশু হৃষ্টপুষ্টকরণ, খাদ্য, বাসস্থান ও বিভিন্ন রোগ নিয়ন্ত্রণ বিষয়ে প্রশিক্ষণ ও উঠান বৈঠকের মাধ্যমে সচেতন করা হচ্ছে এবং পশু খাদ্যের দাম মোকাবেলায় উন্নত জাতের ঘাস চাষের ব্যবহারের পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | গবাদিপশুসহ বিভিন্ন পশু ও প্রাণির চিকিৎসাসেবা এবং দাপ্তরিক অন্যান্য কার্যাক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ০৫ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা তার বক্তব্যের শুরুতে জানান যে, চলতি রবি মৌসুমে বালিয়াকান্দি উপজেলায় সরিষা ও গমের আবাদে শস্যের পরিমান লক্ষ্যমাত্রার চেয়ে দ্বিগুণ পরিমান বৃদ্ধি পেয়েছে। সুষম সার ব্যবহার নিশ্চিত করতে বিভিন্ন সার ডিলারের নিকট প্রয়োজনীয় সার মজুদ আছে এবং সরকারি নির্ধারিত মূল্যে বিক্রয় হচ্ছে। এছাড়া উন্নয়ন সহায়তার আওতায় ৫০% ভর্তুকি মূল্যে বিভিন্ন কৃষি যন্ত্রপাতি ক্রয়ের জন্য আগ্রহী কৃষকদের অগ্রাধিকার তালিকা হতে প্রকল্প অফিস কর্তৃক ৯৬টি যন্ত্রের বরাদ্দ পাওয়ায় তন্মধ্যে ৮০টি বিতরণ করা হয়েছে। বাকি যন্ত্রগুলো কৃষকদের মাঝে | প্রান্তিক পর্যায়ে সার বীজের নিশ্চিয়তাসহ মনিটরিং ব্যবস্থা জোরদার করার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | দ্রুত বিতরণের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। তিনি আরো জানান যে, ৭টি ইউনিয়নের বিভিন্ন অনাবাদি জমিতে ১৯৪টি পুষ্টি বাগান বাস্তবায়ন করা হয়েছে। এছাড়া কৃষি ভিত্তিক অন্যান্য কার্যক্রমসহ বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে। | | |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, উপজেলার প্রধান বাজারকে "ফরমালিন মুক্ত বাজার" ঘোষণার নির্দেশনার প্রেক্ষিতে এ মাসের মধ্যে নির্বাহী অফিসারের সঙ্গে ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে ব্যবস্থা নেয়া হবে। নতুন একটি প্রকল্প ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার এন্ড ওয়াটার ম্যানেজমেন্ট প্রজেক্ট (মৎস্য অধিদপ্তর অংশ) এর সংগে পানি উন্নয়ন বোর্ড ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর জড়িত। বর্তমান অর্থ বছরে কিছু কাজ হবে।<br>২। মৎস্য খাদ্য বিক্রেতাদের লাইসেন্সের আওতায় এনে নতুন লাইসেন্স প্রদান/নবায়ন করা হয়। এ মাসে ০৭ জন বিক্রেতার মধ্যে লাইসেন্স নবায়ন ৬ জন ও নতুন ০১টি ব্যবস্থা করা হচ্ছে। নদীর পানিতে "খাচায় মাছ চাষ" প্রকল্প নিয়ে কার্যক্রম করা হচ্ছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | মাছের ফলমালিন মুক্ত বাজার নিশ্চিত করার লক্ষ্যে জোরালো পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৭ | উপজেলা পরিঃপরিঃ বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উক্ত দপ্তর নিয়ে বিস্তারিত আলোচনা করা সম্ভব হলো না। | সভায় কোন অফিস সহকারীর উপস্থিতি গ্রহণযোগ্য নয় বিধায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৮ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, প্রাক প্রাথমিক শ্রেনী বাদে ১ম হতে ৫ম শ্রেনী পর্যন্ত গত ০১/০১/২০২৩ তারিখে সকল প্রাথমিক বিদ্যালয়সমূহে বই বিতরণ করা হয়েছে। আপাতত কোন সমস্যা নাই। এছাড়া সকল স্কুলগুলো প্রাণবন্তভাবে চলমান রয়েছে। | সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোর পরিদর্শন কার্যক্রম বৃদ্ধি করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে পুনরায় অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা ও অফিসার ইনচার্জ, বালিয়াকান্দি |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, তিনি এ উপজেলায় ১০/১০/২০২২ খ্রি. তারিখে যোগদানের পর চলতি মাসে লক্ষ্যমাত্রার চেয়ে বেশী শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়েছে। এছাড়া ইতিমধ্যে ৫১তম শীতকালীন স্কুল, মাদরাসা ও কারিগরি খেলাধুলা এবং কারিকুলাম প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। আরো জানান যে, ৭৭টি আবেদন অনলাইন(এমপিও, উচ্চতর স্কেল, ভুল সংশোধন ও সংযোজন) প্রেরণ করা হয়েছে, ০১টি স্কুল ম্যানেজিং কমিটি নির্বাচন সম্পন্ন হয়েছে। প্রসংগক্রমে আরো জানান যে, কুরশী মাধ্যমিক বিদ্যালয় ০৪টি নিয়োগের মধ্যে ০৩টি নিয়োগ দেয়া হয়েছে এবং ০১টি নিয়োগ দেয়া হয়নি। এছাড়া বই বিতরণের কার্যক্রম চলমানসহ দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নিয়োগ বিধি অনুসরণপূর্বক নিয়োগ সংক্রান্ত কার্যক্রম সঠিকভাবে সম্পন্নের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০ | উপজেলা প্রকৌশলী বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপি খাতে ১ম ও ২য় কিস্তিতে মোট ৩১.০৪ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। ৩য় কিস্তির অর্থ খুব শীঘ্রই পাওয়া যাবে। বরাদ্দপ্রাপ্ত এডিপি'র অর্থ দ্বারা চলতি সময় পর্যন্ত ৮টি প্রকল্পের বিপরীতে ২৯,৯৭,৭৯৫/- টাকা এবং উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে ৪১টি প্রকল্পের বিপরীতে ১,৫৩,৩৫,৮৯৫/- টাকার বিল পরিশোধ করা হয়েছে। এছাড়া রাজস্ব তহবিল ও অন্যান্য খাত হতে গৃহীত প্রকল্পের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে।<br><br>২। এ পর্যায়ে তিনি বালিয়াকান্দি উপজেলা পরিষদের রাজস্ব খাত হতে নিম্নে বর্ণিত প্রকল্পসমূহের কাজগুলো বাস্তবায়ন করার জন্য সভায় প্রস্তাবনা উপস্থাপন করেন এবং উক্ত কাজগুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন।<br>(ক) উপজেলা পরিষদের জন্য আসবাবপত্র সররবাহকরণ প্রকল্প<br>(খ) উপজেলা প্রকৌশলী, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদের চেয়ারম্যান এর অফিস কক্ষগুলো সংস্কার প্রকল্প<br>গ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের পিছন দিয়ে লেকের গাইডওয়াল ও ফুটপথ নির্মাণ প্রকল্প | ১। গৃহীত প্রকল্পগুলো নির্ধারিত ঠিকাদার/প্রতিষ্ঠান ব্যতিত অন্য কোন ঠিকাদার বা প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়ন না করার বিষয়ে উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>২। বর্ণিত প্রকল্পসমূহ বাস্তবায়নের নিমিত্তে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা চেয়ারম্যা, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৩। তিনি সভায় আরো প্রস্তাবনা উপস্থাপন করেন যে, বিভিন্ন বাজারে মৎস্য শেড নির্মাণে সিডিউল মূল্য বৃদ্ধি পেয়ে যথাক্রমে (১) সমাধিনগর বাজার, (২) সোনাপুর বাজার ও (৩) নারুয়া বাজারের মৎস্য শেডে ৭ (সাত) লক্ষ টাকার স্থলে বৃদ্ধি পেয়ে ৮,০৬,০০০/- (আট লক্ষ ছয় হাজার) টাকা এবং (৪) রামদিয়া বাজারে ৭,১৩,৮৩৬/- (আট লক্ষ তের হাজার আটশত ছত্রিশ) টাকা নির্ধারিত হয়েছে। উক্ত বৃদ্ধি প্রাপ্ত অর্থ সভায় অনুমোদনের জন্য বিস্তারিত আলোচনা করেন। | বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ০৪(চার)টি বাজারে মৎস্য শেড নির্মাণের লক্ষ্যে বৃদ্ধিকৃত সিডিউল মূল্য সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | |
| ১১ | উপজেলা সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, আগামী মাস থেকে ২য় কিস্তির পেরোল দেয়া হয়েছে। ১ম কিস্তির অর্থ ভাতাভোগীর বিকাশ নম্বরে প্রেরণ সম্পন্ন হয়েছে। সকল চেয়ারম্যানকে ইউনিয়ন পরিষদের যাচাই-বাছাই সম্পন্ন করে প্রতিবন্ধী ভাতাভোগীর তালিকা দ্রুত সময়ের মধ্যে উপজেলা কমিটিতে প্রেরণের জন্য অনুরোধ করেছেন। এখন যাচাই বাছাই শেষে পেরোল দেয়া হবে। এছাড়া সকল চেয়ারম্যানদেরকে মৃত ভাতাভোগীদের প্রতিস্থাপনের জন্য মৃত ভাতাভোগীদের তালিকা উপজেলা কমিটিতে প্রেরণের জন্য পুনরায় নির্দেশ দেয়া হয়েছে। ভিক্ষুকদের পুনর্বাসনের জন্য ৩০,০০০/- টাকা পাওয়া গিয়েছে । ক্যান্সারের আবেদনের জন্য সচেতনতা বাড়ানোর জন্য ব্যাপক প্রচার করতে হবে। | ১) ভাতা সংশ্লিষ্ট কার্যক্রম স্বচ্ছ প্রক্রিয়ার মাধ্যমে সম্পন্নের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১২ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, ডিসেম্বর/২০২২ মাসে ঋণ বিতরণ ৯৩.৫০ লক্ষ, ঋণ আদায় ১১২.০৮ লক্ষ, শেয়ার আদায় ০.১৯ লক্ষ এবং সঞ্চয় আদায় ৬.৮৬ লক্ষ টাকা। এছাড়া প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। ঋণ বিতরণ ও আদায় ভালভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | গত মাসের তুলনায় চলতি মাসে ঋণ বিতরণ-আদায় সন্তোষজনক বিধায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে সভায় ধন্যবাদ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, অত্র কার্যালয়ের ভিডব্লিউবি ২০২৩-২০২৪ চক্রের ভতাভোগীদের নতুন তালিকা উপজেলা কমিটি কর্তৃক অনুমোদিত হয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসুচির জুলাই/২২ হতে ডিসেম্বর/২২ মাসের মোট ৫৩২ জনের বরাদ্দ পাওয়া গিয়েছে। ০৭টি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদেরকে পত্র দেওয়া হয়েছে। ডাটা এন্ট্রির কাজ চলছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ভাতা বিতরণ এবং ডাটা এন্ট্রির কার্যক্রম নির্ভুলভাবে গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ১৪ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, বালিয়াকান্দি উপজেলায় সমবায় বিভাগের আওতায় ০১টি কেন্দ্রীয় সমিতি, সমবায় বিভাগীয় ৮৬টি প্রাথমিক সমিতি এবং কৃষি, মৎস্য ও প্রাণি সম্পদ বিভাগের আওতাভুক্ত ১০০টি প্রকল্পভুক্ত প্রাথমিক সমবায় সমিতি রয়েছে। যার বার্ষিক অডিট, পরিদর্শন, তদন্ত ও বিভিন্ন প্রকার প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। এছাড়াও অত্র উপজেলায় আশ্রয়ণ প্রকল্পভুক্ত একটি সমবায় সমিতি রয়েছে। যেখানে সদস্যদের মধ্যে ২৭,৯০,০০০/- টাকা ক্রমপুঞ্জিভূত সরকারি ঋণ প্রদান করা হয়েছে। প্রসংগক্রমে আরো জানান যে, মুজিববর্ষের প্রদানকৃত ঘরে বসবাসকারীদের নিয়ে সমিতি গঠনের নির্দেশনা এসেছে। এ কাজের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের সার্বিক সহযোগিতা কামনা করেন। | সমিতির কার্যপরিধি এবং সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সার্বিক পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে যুবক ও যুব মহিলাদের প্রন্তিক পর্যায় কম্পিউটার ভ্যানে ২ মাস ব্যাপী ভ্রাম্যমান কম্পিউটার ও নেটওয়াকিং প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে । এছাড়া ঋণ কার্যক্রমের আওতায় ৯৯.৭৪% ক্রমপুঞ্জিভুত আদায় হয়েছে। ০২টি প্রশিক্ষণ ব্যাচ প্রস্তুত করা হচ্ছে। যা উপ-পরিচালক মহোদয়ের অনুমোদন সাপেক্ষে শুরু করা হবে। এছাড়া দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | যথার্থ দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রম ফলপ্রসু করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৬ | উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, বালিয়াকান্দি উপজেলায় বন বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অবৈধ করাত কল মালিকের বিরুদ্ধে নিয়মিত মামলা দায়ের প্রক্রিয়াধীদন আছে। ২০২২-২৩ অর্থ বছরে ২০০৩-০৪ সনের সৃজিত সংযোগ সড়ক বাগান (২য় ) ইসলামপুর ইউনিয়নে রামদিয়া রেলগেট হতে গান্ধিমারা অভিমুখে সড়কের খাড়া গাছ সরকারি নীতিমালা অনুসারে টেন্ডারের মাধ্যমে বিক্রয়ের প্রক্রিয়া চলমান। এছাড়া বন বিভাগের যাওয়ার রাস্তাটি প্রসস্ত করার লক্ষ্যে উপজেলা চেয়ারম্যান মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করা হয় ( আনুমানিক ১০০ ফুট) | অবৈধ করাতকলের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনার নিমিত্তে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা বন কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ইজিপিপি এর কাজ ১৮/০১/২০২৩ তারিখে শেষ হয়েছে। কম্বল ক্রয়ের জন্য ২ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে এবং ক্রয় প্রক্রিয়া চলমান রয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | শীতার্থদের মাঝে অগ্রাধিকার ভিত্তিতে কম্বল বিতরণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৮ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের উপ-সহকারী প্রকৌশলী জানান যে, সমগ্রদেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থ বছরের ১৮২ টি গভীর নলকূপের বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত বরাদ্দের বিপরীতে টেন্ডার প্রক্রিয়া সমাপ্ত হয়েছে এবং ফেব্রুয়ারি/২৩ মাসের দিকে কাজ শুরু করা হবে। তিনি আরো জানান যে, ১০টি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াস ব্লকের কাজ চলমান রয়েছে। টিউবওয়লের পানির আর্সেনিক পরীক্ষা করার জন্য প্রতি ইউনিয়ন হতে ০১ জন লোক নিয়োগের জন্য ইউনিয়ন পরিষদে তালিকা চাওয়া হয়েছে। এছাড়া দাপ্তরিক সকল প্রকার কাজ সুন্দর ও সুষ্ঠভাবে চলমান রয়েছে। | বরাদ্দ প্রাপ্ত নলকূপসমূহের বিপরীতে মাননীয় সংসদ সদস্য মহোদয়ের অবহিতক্রমে সঠিক বিভাজন অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নের জন্য উপ-সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর |
| ১৯ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | ০১। সভায় উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলিটেটর জনান যে, রামদিয়া শীতলদা রাস্তার মালেক মৌলভীর বাড়ির সামনের খালে কালভার্ট নির্মাণ কাজ শতভাগ সমাপ্ত হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স চৌধুরী এন্টারপ্রাইজ কর্তৃক দাখিলকৃত -১১,৫১,৯১৩/- ( এগার লক্ষ একান্ন হাজার নয়শত তের টাকা) বিল ঢাকায় পিএমইউতে প্রেরণ করা হয়েছে। পিএমইউ এর অনুমোদন সাপেক্ষে ঠিকাদারের বিল পরিশোধ করা হবে। এছাড়া সোনাপুর বাজারের ড্রেন নির্মাণ কাজের অগ্রগতি ৭০% ।<br>০২। সভায় উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলিটেটর আরো জনান যে, ৪র্থ পর্যায়ের ৭ টি এবং ৫ম পর্যায়ের ৬টি প্রশিক্ষণ সফলভাবে সমাপ্ত হওয়ায় পিএমইউতে বিল-ভাউচার প্রেরণ করা হয়েছে।<br>অন্যান্য সকল দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবেই চলছে। | ০২। দ্রুত সময়ের মধ্যে সোনাপুর বাজারের ড্রেন নির্মাণ কাজ শেষ করার লক্ষ্যে সংশ্লিষ্ট ঠিকাদার প্রতিষ্ঠানকে জোর তাগিদ দেওয়ার জন্য ইউডিএফ-কে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী ও উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটেটর (ইউডিএফ) |
| ২০ | তথ্যকেন্দ্র | তথ্যসেবা কর্মকর্তা জানান ডিসেম্বর/২০২২ মাসে তথ্যকেন্দ্র থেকে ডোর টু ডোর, তথ্যকেন্দ্র ও উঠান বৈঠকের মাধ্যমে ৫০০ জন নারীদেরকে শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা, জেন্ডার, কৃষি সংক্রান্ত তথ্যসেবা ও অনলাইনে চাকরির আবেদন ও তথ্যপ্রযুক্ত ভিত্তিক সেবা প্রদান করা হয়েছে। এছাড়া তথ্যকেন্দ্রের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উঠান বৈঠকের মাধ্যমে নারীদেরকে শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা ইত্যাদি বিষয়ে সচেতন করার লক্ষ্যে কাজ করার জন্য তথ্যসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | তথ্যসেবা কর্মকর্তা |
| ২১ | বিবিধ | # চেয়ারম্যান, জামালপুর ইউনিয়ন পরিষদ জানান যে, দীর্ঘ দিন যাবৎ জামালপুর বাজারের ড্রেনসহ বাজারের বিভিন্ন জায়গায় বৃষ্টির কারণে অপরিস্কার হয়ে পড়েছে। সংশ্লিষ্ট ইজারাদারকে বার বার বলা সত্বেও পরিস্কার করছেন না বিধায় ইজারাদারের জমাকৃত ৫% অর্থ হতে সরকারিভাবে পরিস্কারে জন্য সভায় অনুরোধ জানান।<br># চেয়ারম্যান,বহরপুর ইউনিয়ন পরিষদ জানান যে, আড়কান্দি থেকে বারুগ্রাম রাস্তাটি ২০ বছর আগের নির্মাণ করা হেতু বর্তমানে যাতায়াতের সম্পূর্ণ অযোগ্য হয়ে পড়েছে। উক্ত রাস্তা সংস্কারের আশু প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। এছাড়া সমাজসেবা অফিসের সুদমুক্ত ঋণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন।<br>#চেয়ারম্যান,বালিয়াকান্দি ইউনিয়ন পরিষদ জানান যে, সহকারী কমিশনার (ভূমি) মহোদয়ের গ্যারেজের উপরে গাড়ী চালকের থাকার রুমের অসমাপ্ত কাজ করণের বরাদ্দের জন্য সভায় বিস্তারিত আলোচনা করেন।<br># চেয়ারম্যান, জংগল ইউনিয়ন পরিষদ জানান যে, বাসুখালি- আখশুকনা রাস্তাটিতে ব্রীজ এবং কালভার্ট তৈরী কাজে বিলম্ব হওয়ায় কারণে ফাঁকা রাস্তায় ধুলাবালির কারণে জনগণের দূর্ভোগ পোহাতে হচ্ছে। বিষয়টির প্রতি দৃষ্টি দেওয়ার জন্য সভায় দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া বালিয়াকান্দি-ধর্মতলা হয়ে জংগল বাজার ব্রীজের পাশে ডাইভারশন রাস্তা না থাকায় জনগণের খুবই সমস্যা হচ্ছে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করেন। | সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের উন্নয়ন কার্যক্রমসমূহ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ, উপজেলা পরিষদ এবং এলজিইডি'র যৌথ উদ্যোগে অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | বিবিধ | # চেয়ারম্যান, নবাবপুর ইউনিয়ন পরিষদ জানান যে, রহিম সর্দার মোড় থেকে দেলুয়া-বাজেসরিয়া রাস্তার অবস্থা খুবই খারাপ। এছাড়া তেকাঠি ব্রীজ থেকে বেরুলী ব্রীজ পর্যন্ত রাস্তার পাশে পুকুর থাকায় রাস্তার পাশ ভেংগে যাওয়ার কারণে প্যালাসাইটিং খুবই জরুরী হয়ে পড়েছে।<br># চেয়ারম্যান, নারুয়া ইউনিয়ন পরিষদ বাদশাডাঙ্গী- সাহাপাড়া রাস্তাটি জরুরী সংস্কারের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন।<br># পরিশেষে উপজেলা পরিষদের চেয়ারম্যান জানান যে, আজকের সভায় খুবই প্রাণবন্ত আলোচনা হয়েছে। আমাদের এটি একটি টিম ওয়ার্ক । বালিয়াকান্দিবাসীর উন্নয়নের জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন এবং পরিশেষে সদ্য যোগদানকৃত উপজেলা নির্বাহী অফিসারকে এ উপজেলায় স্বাচ্ছন্দভাবে কাজ করার লক্ষ্যে সকলের ঐকান্তিক সহযোগিতা পাবেন মর্মে আশ্বাস প্রদান করেন এবং সকল দপ্তরের কার্যক্রম যথারীতি সুন্দরভাবে পরিচালনার জন্য সকল দপ্তর প্রধানকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য সমাপ্ত করেন। | | |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যদের আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৯/০১/২০২৩
মোঃ আবুল কালাম আজাদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
বালিয়াকান্দি, রাজবাড়ী।

স্মারক নং-০৫.৩০.৮২০৭.০০৩.০৬.০০২.১৪-২২৩

তারিখ: ১৯ জানুয়ারি ২০২৩ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-০২
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। জেলা প্রশাসক, রাজবাড়ী
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রাজবাড়ী

অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে

০৫-০৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী
০০-২৪। উপজেলা ......................কর্মকর্তা/ প্রকৌশলী, বালিয়াকান্দি, রাজবাড়ী
২৫-৩১। চেয়ারম্যান ......................(সকল) ইউনিয়ন, বালিয়াকান্দি, রাজবাড়ী
৩২। অফিস কপি

২২.১.২৩
রফিকুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
বালিয়াকান্দি, রাজবাড়ী।

পরিশিষ্ট-'ক'

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মো: আবুল কালাম আজাদ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | |
| ০২ | জনাব মোঃ মনিরুজ্জামান মনির | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৩ | বেগম খোদেজা বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব আহম্মদ আলী | চেয়ারম্যান, ইসলামপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মোঃ রেজাউল করিম | চেয়ারম্যান, বহরপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মোঃ বাদশা আলমগীর | চেয়ারম্যান, নবাবপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মোঃ জহুরুল ইসলাম | চেয়ারম্যান, নারুয়া ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মোঃ আলমগীর বিশ্বাস | চেয়ারম্যান, বালিয়াকান্দি ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব এ. কে. এম ফরিদ হোসেন | চেয়ারম্যান, জামালপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ১০ | জনাব কল্লোল বসু | চেয়ারম্যান, জংগল ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ১১ | জনাব ডা: সজল কুমার সোম | মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর | স্বাক্ষরিত |
| ১২ | জনাব ডা. হাফিজুর রহমান | উপজেলা ভেটেরিনারি সার্জন | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব মোঃ হাসানুজ্জামান | উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব মোঃ আবদুল মান্নাফ | উপজেলা মৎস্য কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব মোঃ আশরাফুল হক | উপজেলা শিক্ষা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব খন্দকার রাহাত ফেরদৌস | উপজেলা প্রকৌশলী | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব পারমিস সুলতানা | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব অজয় কুমার হালদার | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব জাহিদুর রহমান | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২০ | জনাব নাসরিন সুলতানা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২১ | জনাব আফরোজা জেসমিন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২২ | জনাব এস এম খায়রুল আলম | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (ভারপ্রাপ্ত) | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব মোঃ নজরুল ইসলাম | উপজেলা সমবায় অফিসার | স্বাক্ষরিত |
| ২৪ | জনাব মোঃ রেজাউল করিম | উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব মোঃ আজিজুল হক | উপজেলা বন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৬ | জনাব কামরুন্নহার | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৭ | জনাব নাজিউর রহমান | ইউডিএফ, ইউডিজিপি | স্বাক্ষরিত |

অনুপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-খ)

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| - | জনাব মুহাম্মাদ মাহমুদ হাসান খান | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |

১৯.০৮.২০